

💵 যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১২৩১

আরবী

১/ বিবিধ

عشرة مباحة في الغزو: الطعام والأدم والثمار والشجر والحبل والزيت والحجر والعود غير منحوت والجلد الطري موضوع

رواه ابن عساكر في " تاريخ دمشق " (5/100/2) عن أبي سلمة عن الزهري عن سعيد ابن المسيب عن عائشة مرفوعا

أورده في ترجمة أبي سلمة هذا ن وسماه الحكم بن عبد الله بن خطاف، وروى عن ابن أبي حاتم أنه قال فيه: كذاب متروك الحديث، والحديث الذي رواه باطل ن وعن النسائى أنه قال: ليس بثقة ولا مأمون

قلت: والحديث مما فات السيوطي في " جامعيه "، واستدركه المناوي في كتابه " الجامع الأزهر " (2/15/2) ، ولكنه سكت عنه خلافا لشرطه الذي نص عليه في مقدمته قائل: أذكر فيه كل حديث معقبا له ببيان حال راويه من أهل الضعف والكمال

বাংলা

১২৩১। যুদ্ধ ক্ষেত্রে দশটি বস্তু বৈধঃ খাদ্য, তরকারী, ফল, বৃক্ষ, রিশি, তেল, পাথর, না-ছিলা কাঠ, তাজা চামড়া। হাদীসটি বানোয়াট।

হাদীসটি ইবনু আসাকির "তারীখু দেমাস্ক" গ্রন্থে (৫/১০০/২) আবু সালামাহ হতে, তিনি যুহরী হতে, তিনি সাঈদ ইবনুল মুসাইয়্যাব হতে, তিনি আয়েশা (রাঃ) হতে মারফু হিসেবে বর্ণনা করেছেন।



তিনি হাদীসটিকে আবু সালামার জীবনীতে উল্লেখ করে বলেছেনঃ তিনি হচ্ছেন হাকাম ইবনু আবদিল্লাহ ইবনে খান্তাফ। তিনি ইবনু আবী হাতিম হতে বর্ণনা করেছেন যে, তিনি আবু সালামাহ (হাকাম) সম্পর্কে বলেনঃ তিনি মিথ্যুক, মাতরূকুল হাদীস। তিনি যে হাদীস বর্ণনা করেছেন সেটি বাতিল। নাসাঈ বলেনঃ তিনি নির্ভরযোগ্য নন এবং তিনি নিরাপদও নন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন